রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন: (০৭২১)৮৬২৪৬০
ই-মেইল: dgmlrd1@rakub.org.bd
www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ আদায় বিভাগ-১

ঋআবি-১ পরিপত্র নং- ০১ / ২০১৫ **তারিখ ঃ ২৬.০৮.২০১৫**

বিষয় ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা।

এই ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রম বছরের শুরু থেকেই সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য শাখা নিয়ন্ত্রণ বিভাগের ২৯.০৬.২০১৫ তারিখের পত্র নং-প্রকা/শানিবি-৮(৫)/ ২০১৪-২০১৫/ ১২৭৩(২২)/২৮ মাধ্যমে ০৬(ছয়)টি খাতের বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। উক্ত পত্রে ২০১৫-২০১৬ অর্থ বছরের কর্ম পরিকল্পনায় প্রাথমিকভাবে মোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১৯০০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। ৩০.০৬.২০১৫ ভিত্তিক ঋণ শ্রেণীকরণ এবং বিদ্যমান ঋণ শ্রেণীকরণ নীতিমালা অনুসারে ২০১৫-২০১৬ অর্থ বছরের WCL-1 ও WCL-2 ঋণ সনাক্তকরণ সম্পন্ন হওয়ায় ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য জোন ভিত্তিক চুড়ান্ত ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো। কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধি, শ্রেণীকরণ রোধ , Performing Asset বৃদ্ধির মাধ্যমে সুদ আয় বৃদ্ধি, আদায়ের যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে ঋণ ঝুঁকি ও ঋণের প্রভিশন (Provision) হ্রাসসহ বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন করতে হবে।

০২। ২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও জোন ভিত্তিক বন্টনঃ

ডিসেম্বর' ২০১৫ ভিত্তিক সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ (WCL-1) এর ১০০% বাবদ ৫২৭.৬১ কোটি টাকা, জুন ২০১৬ ভিত্তিক সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ (WCL-2) এর ১০০% বাবদ ৬৬২.৯৩ কোটি টাকা এবং ৩০.০৬.২০১৫ তারিখ ভিত্তিক শ্রেণীকৃত ঋণ স্থিতি ৯৭৮.১৬ কোটি টাকার ৪২% বাবদ ৪০৯.৪৬ কোটি টাকা সর্বমোট (৫২৭.৬১+৬৬২.৯৩ + ৪০৯.৪৬) = ১৬০০.০০ কোটি টাকা ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য অভ্যন্তরীণ ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণের অনুমোদন দেয়া হয়েছে। জোন ভিত্তিক বাৎসরিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-'ক'-তে এবং ত্রৈমাসিক ভিত্তিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-'খ'-তে বন্টন করে দেয়া হলো।

০৩। জোনাল ব্যবস্থাপকগণ পত্র প্রাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে শাখা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন এবং বন্টিত লক্ষ্যমাত্রার কপি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় এবং ঋণ আদায় বিভাগ-১ এ প্রেরণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ লক্ষ্যমাত্রা প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে মাঠকর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বার্ষিক, ত্রৈমাসিক ও সাপ্তাহিক ভিত্তিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন এবং বন্টিত লক্ষ্যমাত্রার একটি কপি সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে প্রেরণ করবেন।

০৪। ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের জন্য অন্যান্য প্রচলিত কার্যাবলী/পদক্ষেপ গ্রহণের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হ'লঃ-

ক) শ্রেণীকৃত ঋণ (Non-Performing Loan) আদায় ঃ

লক্ষ্যমাত্রার ১০০% শ্রেণীকৃত ঋণ আদায় নিশ্চিতকরণের জন্য সকল শাখা ব্যবস্থাপক, জোনাল ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপকগণ নিজস্ব পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করবেন।

খ) সুদ আসলে দ্বিগুনের আওতায় ব্লক্ড কৃষি ঋণ আদায়ঃ

সুদ আসলে দ্বিগুনের বেশী ব্লক্ড কৃষি ঋণগুলি অগ্রাধিকার ভিত্তিতে আদায় করতে হবে। জোনাল ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন।

গ) Special Mentioned Account (SMA) তালিকাভুক্ত ঋণ আদায় ঃ

ঋণ শ্রেণীকরণ নীতিমালা অনুসারে শস্য ও ক্ষুদ্র ঋণ ব্যতীত অন্যান্য চলতি ও মেয়াদী ঋণ দুইমাস বা তার বেশী সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ থাকলে ঋণগুলি Special Mentioned Account (SMA) হিসাবে তালিকাভুক্ত হবে। SMA তালিকাভুক্ত ঋণগুলি নীতিমালা অনুসারে শ্রেণীকৃত না হলেও শ্রেণীকৃত হওয়ার early warning signals বিবেচনা করে দ্রুত আদায়/ নবায়ন/ পুনঃতফসিলিকরণের ব্যবস্থা নিতে হবে ।

ঘ) সম্ভাব্য শ্রেণীযোগ্য ঋণ (WCL-1/ WCL-2) আদায় ঃ

২০১৫-২০১৬ অর্থ বছরে কোন ঋণ যাতে নতুন করে শ্রেণীকৃত হতে না পারে সে লক্ষ্যে সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ (WCL-1) ডিসেম্বর'২০১৫ এর মধ্যেই এবং সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ (WCL-2) জুন'২০১৬ এর মধ্যেই আদায় করতে হবে।

ঙ) শ্রেণীকৃত ঋণের বি-শ্রেণীকরণ (De-classification of Loan) এবং শ্রেণীকৃত ঋণকে পরবর্তী পর্যায়ভুক্ত হতে না দেয়া ঃ

ঋণ শ্রেণীকরণ নীতিমালা অনুযায়ী ঋণের শ্রেণীবিন্যাসের মান-নিম্নমান(SS),সন্দেহজনক(DF),মন্দ(BL) অনুসারে পর্যায়ক্রমে প্রভিশনকৃত অর্থের পরিমাণ ২০%, ৫০% ও ১০০% দাঁড়ায়। নিম্নমান(SS) ও সন্দেহজনক(DF) শ্রেণীমানের ঋণগুলি কোন ক্রমেই যেন মন্দ(BL)- ক্রমমানে না যায় তার যথাযথ ব্যবস্থা নিতে হবে। অনুরূপভাবে সনাক্তকৃত শ্রেণীবিন্যাসিত ঋণকে বর্তমান ধাপের পূর্ববর্তী ধাপে (BL কে DF/SS, DF কে SS/UC এবং SS কে UC) নিয়ে আসতে হবে। শস্য ঋণ এবং ক্ষুদ্র ঋণ (Micro Credit)- এর ক্ষেত্রে UC থেকে DF মান পর্যন্ত ঋণ Provision হার ৫%। কিন্তু BL শ্রেণীকরণ হলেই Provision হার ১০০%। এমতাবস্থায় উক্ত ঋণগুলি কোন ক্রমেই BL শ্রেণীভুক্ত হতে দেয়া যাবে না।

চলমান পাতা-০২

চ) শীর্ষ খেলাপী ঋণ আদায় ঃ

প্রতিটি শাখার শীর্ষ ২০০ খেলাপী ঋণ গ্রহীতার তালিকা তৈরী করে ব্যাক্তিগতভাবে যোগাযোগের মাধ্যমে ঋণ আদায়ের পদক্ষেপ নিতে হবে। এর মধ্যে সবচেয়ে পুরাতন ৫০ জন ঋণ গ্রহীতার পৃথক তালিকা প্রস্তুত করে তাদের ঋণ আদায়ের বিশেষ ব্যবস্থা নিতে হবে, প্রয়োজনে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে সমস্যা চিহ্নিত করে ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সকল স্বাভাবিক পদক্ষেপ গ্রহণের পরও ঋণ আদায় না হলে বৃহৎ ঋণ খেলাপীদের ঋণ আদায়ে আইনগত ব্যবস্থা নিতে হবে।

ছ) অবলোপনকৃত ঋণ আদায় ঃ

ঋণ আদায় বিভাগ-২ এর ১৩.০৮.২০১৫ তারিখের সূত্র নং-প্রকা/ঋআবি-২/৪০(১)/২০১৫-২০১৬/৪৬(২০)/৪ পত্র মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ৩০.৬৯ কোটি টাকা জোন ভিত্তিক অবলোপনকৃত ঋণ আদায় লক্ষমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে এবং লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। অবলোপনকৃত প্রতিটি ঋণ হিসাব হতে আদায় নিশ্চিত করতে প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/ জোনাল কার্যালয়ের Debt Collection Unit এর কার্যক্রম জোরদার করতে হবে।

জ) এসএমই(SME) খাতের ঋণ আদায় লক্ষ্যমাত্রা ঃ

ঋণ আদায় বিভাগ-১ এর ২৯.০৭.২০১৫ তারিখের সূত্র নং প্রকা/ঋআবি-১/৪৫/২০১৫-২০১৬/২২(২২) পত্র মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ৮০.০০ কোটি টাকা জোন ভিত্তিক এসএমই ঋণ আদায় লক্ষমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে এবং লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় নিশ্চিত করতে হবে।

ঝ) ৫২- স্থগিত সুদ আদায় ঃ

২০১৫-২০১৬ অর্থ বছরে ৩০.০৬.২০১৫ তারিখ ভিত্তিক মোট স্থগিত সুদ স্থিতির ১০০% সমন্বয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। স্থগিত সুদবাহী প্রতিটি শ্রেণীকৃত ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে।

ঞ) ঋণ গ্রহীতা ও খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা (Borrowers /Defaulter List) প্রস্তুত ঃ

শাখা সমূহে নির্ধারিত ছকে হালনাগাদ ঋণ গ্রহীতাদের তালিকা ও খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত সম্পন্ন না হলে ০১ (এক) সপ্তাহের মধ্যে প্রস্তুত সম্পন্ন করতে হবে। Defaulter List-এ শ্রেণীকৃত ঋণের ধরণ কলামে SS/DF/BL উল্লেখ করতে হবে। মন্তব্য কলামে SMA, WCL-1 (৩০.১২.২০১৫) ও WCL-2 (৩০.০৬.২০১৬), তামাদি ও Untouched মার্ক করতে হবে। মাঠ কর্মকর্তা/ কর্মচারীগণকে মাঠ ভ্রমণের সময় সার্বক্ষণিকভাবে হালনাগাদকৃত খাতক তালিকা সঙ্গে রাখতে হবে।

ট) ব্যক্তিগত যোগাযোগ/তাগাদা বৃদ্ধি ও নোটিশ ইস্যু ঃ

কোন ঋণ গ্রহীতাই যাতে ব্যক্তিগত তাগাদার বাইরে না থাকেন, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। দেয় তারিখ রেজিষ্টার (Due date register) অনুসারে স্বাভাবিক নিয়মে ইস্যুযোগ্য প্রত্যেক ঋণ গ্রহীতাকে ডিমান্ড/ লিগ্যাল নোটিশ ইস্যু ছাড়াও শস্যপর্ব (crop harvesting period) বিবেচনায় বছরে একাধিক বার ঋণ পরিশোধের বিভিন্ন নোটিশ/ বিশেষ নোটিশ ইস্যুর ব্যবস্থা নিতে হবে। WCL-1 তালিকাভুক্ত ঋণ গ্রহীতাদের অক্টোবর মাসের মধ্যে এবং WCL-2 তালিকাভুক্ত ঋণ গ্রহীতাদের এপ্রিল মাসের মধ্যেই বিশেষ নোটিশ প্রদান করতে হবে।

ঠ) ঋণ আদায়ে বিশেষ কর্মসূচি গ্রহণ ঃ

বছরব্যাপী উপযুক্ত সময়ে ব্যাপক প্রচার-প্রচারণা ও স্থানীয় প্রশাসন/গণমান্য ব্যক্তিকে সম্পৃক্ত করে ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প অনুষ্ঠানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বাংলা নববর্ষের বৈশাখ মাসে গ্রাম বাংলার চিরায়ত ঐতিহ্য অনুযায়ী-"শুভ হালখাতা', জ্যৈষ্ঠ মাসে- "মধুমাস' এবং অগ্রহায়ণে- "নবান্ন উৎসব' পালন উপলক্ষ্যে ঋণ মেলা, ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প বা জনসমাবেশ আয়োজনের মাধ্যমে ঋণ আদায় ও জনসচেতনতা সৃষ্টির পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডিসেম্বর,২০১৫ ও জুন,২০১৬ মাসে ঋণ আদায়ে ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণ করতে হবে। এছাড়াও স্বাভাবিকভাবে ঋণ আদায় ক্যাম্প ও মৌসুম ভিত্তিক শস্য পর্ব বিবেচনায় নিয়ে ঋণ আদায় মহাক্যাম্পের আয়োজন করতে হবে। তারল্য সংকট মোকাবেলায় আংশিক ঋণ আদায়কে উৎসাহিত করতে হবে।

ড) আদায় বিহীন (Untouched) ঋণ হিসাব থেকে আদায় ঃ

কোন ঋণ হিসাবই আদায় বিহীন (Untouched) রাখা যাবে না। ঋণ বিতরণের পর হতে আদায়বিহীন আছে বা লাগাতার তিন বছর আদায় বিহীন আছে এমন সকল Untouched ঋণ হিসাব থেকে আদায় নিশ্চিত করতে হবে।

ড়) তামাদি ঋণ আদায় ঃ

বছরের শুরুতেই সকল সম্ভাব্য তামাদি ঋণ সনাক্ত করে সংশ্লিষ্ট বছরেই তার ১০০% আদায়/নিয়মিতকরণ নিশ্চিত করতে হবে। LF-42/46 এর মাধ্যমে তামাদি মুক্ত করা হলে তা সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে এবং ঋণ লেজারে নোট রাখতে হবে।

ঢ) ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও সরকারী অফিসের যোগাযোগ রক্ষাকরণ ও সহযোহিতা গ্রহণ ঃ

ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ, উপজেলা কৃষিঋণ কমিটি ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সহযোগিতা গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। কৃষি ঋণ কমিটির সভায় সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপকের উপস্থিতি নিশ্চিত করতে হবে। খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে শাখা ব্যবস্থাপকগণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানা প্রশাসন ও উপজেলার অন্যান্য নির্বাহীদের সাথে ঘনিষ্ট যোগাযোগ রক্ষা করবেন। জোনাল ব্যবস্থাপকগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলার আওতাধীন উপজেলা প্রশাসনের নির্বাহীদের সাথে নিবিড় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা করবেন।

ঢ়) ঋণ আদায়ে আইনগত ব্যবস্থা গ্রহণ ঃ

ঋণ আদায়ের সকল স্বাভাবিক প্রক্রিয়া গ্রহণ সত্বেও ঋণ আদায় করা না গেলে, ঋণ পরিশোধের সামর্থ্য থাকা সত্বেও ইচ্ছাকৃতভাবে ব্যাংকের পাওনা পরিশোধ না করলে, ঋণ তামাদি হওয়ার আশংকা দেখা দিলে, বন্ধকী সম্পত্তি বা ঋণে ক্রয়কৃত/সৃষ্ট সম্পদ অননুমোদিতভাবে বিক্রয়/হস্তান্তর হলে বা ব্যাংক ঋণের নিরাপত্তা বিপন্ন হলে এবং ঋণের টাকা সঠিক উদ্দেশ্যে ব্যবহৃত না হলে/ঋণের টাকা অন্য কোন উদ্দেশ্যে ডাইভার্ট করা হলে ঋণটি আদায়ের জন্য সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংকের পাওনা আদায়ের জন্য অবস্থা অনুযায়ী (ক) সার্টিফিকেট মামলা (খ) অর্থঋণ আদালতে মামলা (গ) ফৌজদারী মামলা দায়ের করতে হবে। খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে দায়েরকৃত মোকদ্দমার কার্যক্রম নিরলসভাবে তদারকি করতে হবে। মোকদ্দমা তদারকিতে নিয়োজিত কর্মকর্তাকে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

চলমান পাতা-০৩

ত) সার্টিফিকেট মামলা নিষ্পত্তি ঃ

অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য সার্টিফিকেট আদালতের সাথে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও জোনাল কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করবেন। জুন, ২০১৬ তারিখের মধ্যে দায়েরকৃত সার্টিফিকেট মামলার ন্যূনতম ৫০% নিষ্পত্তি করার পদক্ষেপ নিতে হবে।

থ) অর্থ ঋণ মামলা নিষ্পত্তি ঃ

অনিষ্পন্ন অর্থ ঋণ মামলা নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে ;

১) অর্থ ঋণ আদালতে দায়েরকৃত অধিকতর পুরাতন মামলাগুলি প্যানেল এ্যাডভোকেট এর মাধ্যমে আদালতে/ আদালতের বাইরে অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক মধ্যস্থতা সভার মাধ্যমে মামলা নিষ্পত্তির বাস্তবভিত্তিক উদ্যোগ গ্রহণ করতে হবে।

২) এছাড়াও অন্যান্য মামলার ক্ষেত্রে উকিলের মাধ্যমে কোর্টের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে মামলাগুলি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। বিশেষভাবে অপেক্ষাকৃত বৃহৎ ঋণ খেলাপীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা এবং ব্যাংকের বিরুদ্ধে ঋণ গ্রহীতা কর্তৃক দায়েরকৃত রীট মামলা সমূহ নিষ্পত্তির ক্ষেত্রে সর্বাত্মক গুরুত্ব আরোপ করতে হবে।

৩) আদালত কর্তৃক ৩৩(৫)/৩৩(৭) উপ ধারায় রায় প্রদানপূর্বক জারীমামলা চূড়ান্তভাবে নিষ্পত্তি করা হলে উক্ত রায় যথাসময়ে ও যথানিয়মে বাস্তবায়নপূর্বক বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয় করে ব্যাংকের পাওনা টাকা আদায়ের যথাযথ উদ্যোগ নিতে হবে।

০৫) মনিটরিং কার্যক্রম ঃ

মাঠকর্মীদের কাজের তদারকী, সহায়তা ও পরামর্শ প্রদান এবং নিয়মিত Interval- এ সার্বিক মনিটরিং করা শাখা ব্যবস্থাপকের দায়িত্ব ও কর্তব্য। মাঠপর্যায়ে কর্মতৎপরতা বৃদ্ধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য বছরের শুরু থেকেই সকল ক্ষেত্রে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। এ লক্ষ্যে ঋণ আদায় বিভাগ-১ কর্তৃক জারীকৃত ২৩.০১.২০১২ তারিখের পরিপত্র নং-১/২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ ও 'ঋণ আদায় কার্যক্রম নীতিমালা' বিষয়ে ঋআবি-১ পরিপত্র নং-০২/২০১৪, তারিখ ২৯.০৬.২০১৪ এর সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ সংশ্লিষ্ট জোন সমূহের সার্বিক ঋণ আদায় কার্যক্রম যথাযথ মনিটর ও জবাবদিহিতা নিশ্চিত করবেন।

০৬। রাজশাহী বিভাগের "শাখা ব্যবস্থাপকদের বার্ষিক কর্ম-পরিকল্পনা শীর্ষক বিশেষ কর্মশালা-২০১৫"-এ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ২০১৫-২০১৬ অর্থবছরে রাকাব- এর কর্মপরিকল্পনা ঘোষনা করেছেন। রাকাব-কে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে পরিণত করা এবং রাকাব-কে স্বাবলম্বী প্রতিষ্ঠানে পরিণত করার স্বপ্ন পূরণের জন্য বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিয়েছেন। ২০১৫-২০১৬ অর্থবছরকে 'শ্রেণীকৃত ও খেলাপী ঋণ আদায়ের পাশাপাশি আর্থিক দিক থেকে অর্জিত অবস্থান সুসংহত করার বছর'- ঘোষণা করা হয়েছে। এ ছাড়াও এ বছরের প্রতিপাদ্য হিসেবে গ্রহণ করা হয়েছে;

**"আদায় বিতরণ শতভাগে
রাকাব চলবে সবার আগে"**

সকলের আন্তরিক প্রচেষ্টায় রাকাব তার স্বপ্ন পূরণ ও লক্ষ্য অর্জন নিশ্চিত করবে।

২৬/০৮/২০১৫

(মোঃ আবুল কাসেম)
মহাব্যবস্থাপক

নং প্রকা/ঋআবি-১/৪৫/২০১৫-২০১৬/৪৭(৪৪৮) তারিখ ঃ ২৬.০৮.২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (নিহিআ / পরিচালন / প্রশাসন) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব ও বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
০৯। উপ-মহাব্যবস্থাপক,এমডি'স ভিজিলেন্স সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ঢাকা শাখা, ঢাকা।
১২। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। অফিস নথি/মহানথি।

২৬/০৮/২০১৫

(মোঃ আসমত আলী মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-‘ক’

ঋণ আদায় বিভাগ-১

২০১৫-২০১৬ অর্থ বছরের জোন ভিত্তিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণঃ

কোটি টাকায়

ক্র. নং	জোন	সম্ভাব্য শ্রেণীকৃত ঋণ স্থিতি						শ্রেণীকৃত ঋণ স্থিতি				শ্রেণীকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা				সর্বমোট আভ্যন্তরীণ ঋণ আদায় লক্ষ্যমাত্রা			খাত ভিত্তিক লক্ষ্যমাত্রা				
		WCL-1 (৩০.১২.১৫ ভিত্তিক)		WCL-2 (৩০.০৬.১৬ ভিত্তিক)		মোট WCL		SS	DF	BL	মোট	SS	DF	BL	মোট	WCL ১০০%	CL স্থিতির ৪২%	মোট	এসএমই ঋণ	অবলোপনকৃত ঋণ	৫২-স্থগিত সুদ সমন্বয়	সুদ আসলে দ্বিগুনের আওতায় ব্লকড্ কৃষি ঋণ	
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭=(৩+৫)	৭=(৪+৬)	৮	৯	১০	১১= ৮+৯+১০	১২	১৩	১৪	১৫= ১২+১৩+১৪	১৬	১৭	১৮= ১৬+১৭	১৯	২২	২৩	২৪	২৫
১	রাজশাহী	৩৭১৩	৫৭.১০	৪২৯৩	৭৩.০৪	৮০০৬	১৩০.১৪	৬.২৯	৫.৮৫	৫৭.৯৩	৭০.০৭	২.৬৩	২.৪৫	২৪.২৫	২৯.৩৩	১৩০.১৪	২৯.৩৩	১৫৯.৪৭	২০.৪০	০.৮০	১০.৮৪	৭৯৯২	১৩.৭০
২	নওগাঁ	৩৯৮৯	৪৭.৪২	৩৯৪৩	৪৭.০৭	৭৯৩২	৯৪.৪৯	৭.০১	৬.২০	৬৪.৪৭	৭৭.৬৮	২.৯৩	২.৬০	২৭.০০	৩২.৫৩	৯৪.৪৯	৩২.৫৩	১২৭.০২	৬.০১	৪.৫৪	১৪.০৭	১৩৬৯১	২২.০৫
৩	নাটোর	২৮৩১	১৮.৪৪	৩৯৫৭	২৭.১৩	৬৭৮৮	৪৫.৫৭	২.৮৫	০.৯৫	১১.৫০	১৫.৩০	১.১৯	০.৪০	৪.৮১	৬.৪০	৪৫.৫৭	৬.৪০	৫১.৯৭	১.০৯	০.৫৭	৪.৯৫	২৯৮৬	৩.৬২
৪	চাঁপাইনবাবগঞ্জ	২৭৯৭	১৮.৩০	২৬০৪	২০.১৯	৫৪০১	৩৮.৪৯	৩.৪৮	৪.৩১	১৮.০০	২৫.৭৯	১.৪৬	১.৮০	৭.৫৩	১০.৭৯	৩৮.৪৯	১০.৭৯	৪৯.২৮	১.৯৮	০.২৯	৬.২৪	৩৬০৯	৪.৮৭
৫	বগুড়া (উঃ)	২৫০৬	২৩.৫০	২৪৬৬	২৪.০০	৪৯৭২	৪৭.৫০	৪.১৩	২.২৮	৪৩.৩৫	৪৯.৭৬	১.৭৩	০.৯৫	১৮.১৫	২০.৮৩	৪৭.৫০	২০.৮৩	৬৮.৩৩	৪.৭২	৪.২৬	৭.৯০	৪৫২৯	৬.২০
৬	বগুড়া (দঃ)	৩৩৩৪	২৬.৬৪	২২৫৮	৩০.৮৪	৫৫৯২	৫৭.৪৮	৭.৭৭	২.২৭	২৫.৪০	৩৫.৪৪	৩.২৫	০.৯৫	১০.৬৩	১৪.৮৩	৫৭.৪৮	১৪.৮৩	৭২.৩১	৬.৯৬	৩.৮৬	৩.৭৫	৩৭৪৮	৪.৫৭
৭	জয়পুরহাট	৩৫৭৮	২৭.৭৫	৪০৮৫	৪০.১০	৭৬৬৩	৬৭.৮৫	৩.৫১	২.১২	২৭.৫৪	৩৩.১৭	১.৪৭	০.৮৯	১১.৫৩	১৩.৮৯	৬৭.৮৫	১৩.৮৯	৮১.৭৪	৪.৭১	০.৩৬	৫.৮৭	১৮০৭	২.১৩
৮	পাবনা	৩৩১০	২৬.৮৪	২৭১৩	২৯.১৭	৬০২৩	৫৬.০১	৮.৬৮	৫.২৩	৩২.৭৭	৪৬.৬৮	৩.৬৪	২.১৯	১৩.৭২	১৯.৫৫	৫৬.০১	১৯.৫৫	৭৫.৫৬	৩.৯৮	১.৬০	৯.৬২	৬৮৫৩	১১.৮৬
৯	সিরাজগঞ্জ	৪০২০	২১.২৯	৩৭০৪	২৪.২২	৭৭২৪	৪৫.৫১	৪.২৩	৩.৬১	২৭.৭২	৩৫.৫৬	১.৭৭	১.৫১	১১.৬০	১৪.৮৮	৪৫.৫১	১৪.৮৮	৬০.৩৯	২.৭৯	৬.৫৫	৪.৪৭	১০৪৫০	২৩.৯২
	উপ-সমষ্টি =	**৩০০৭৮**	**২৬৭.২৮**	**৩০০২৩**	**৩১৫.৭৬**	**৬০১০১**	**৫৮৩.০৪**	**৪৭.৯৫**	**৩২.৮২**	**৩০৮.৬৮**	**৩৮৯.৪৫**	**২০.০৭**	**১৩.৭৪**	**১২৯.২২**	**১৬৩.০৩**	**৫৮৩.০৪**	**১৬৩.০৩**	**৭৪৬.০৭**	**৫২.৬৪**	**২২.৮৩**	**৬৭.৭১**	**৫৫৬৬৫**	**৯২.৯২**
১০	রংপুর	৫৬০৭	৪৯.১৭	৭৭২১	৭২.২৭	১৩৩২৮	১২১.৪৪	১২.৯৯	৭.৫৯	৫৯.৪৬	৮০.০৪	৫.৪৪	৩.১৮	২৪.৯০	৩৩.৫২	১২১.৪৪	৩৩.৫২	১৫৪.৯৬	৩.৮০	১.২৪	১৩.৯৯	৩১০৯৫	৫৮.৯৪
১১	গাইবান্ধা	৪৬৫৬	৩৮.৬১	৩২০৯	৪৯.৬৪	৭৮৬৫	৮৮.২৫	৯.৬৭	৩.৭২	৮৪.১৭	৯৭.৫৬	৪.০৫	১.৫৬	৩৫.২৩	৪০.৮৪	৮৮.২৫	৪০.৮৪	১২৯.০৯	২.৮৮	০.৭০	১০.২৫	৩৯৭১৫	৭০.৭৪
১২	কুড়িগ্রাম	৪৯৬৬	৩০.৯৬	৩৭৫১	৩৭.০২	৮৭১৭	৬৭.৯৮	১২.০৬	১১.৩০	৬৩.৩৬	৮৬.৭২	৫.০৫	৪.৭৩	২৬.৫২	৩৬.৩০	৬৭.৯৮	৩৬.৩০	১০৪.২৮	১.০৩	২.১২	১৪.৩৫	৩৮০৫২	৮১.৫২
১৩	নীলফামারী	৩৬০১	২৮.০০	৬৩২৫	৫২.০০	৯৯২৬	৮০.০০	১৬.৯০	১৫.৩৪	৭৯.০৮	১১১.৩২	৭.০৮	৬.৪২	৩৩.১০	৪৬.৬০	৮০.০০	৪৬.৬০	১২৬.৬০	৪.২১	০.৫৮	১৯.১৪	৯৩৪১	২৬.৮৬
১৪	লালমনিরহাট	৩২০২	৩৭.০৪	৫৬৩৮	৩৮.৫৮	৮৮৪০	৭৫.৬২	৮.১৩	৩.৫৯	৫১.৯৬	৬৩.৬৮	৩.৪০	১.৫০	২১.৭৫	২৬.৬৫	৭৫.৬২	২৬.৬৫	১০২.২৭	২.২০	১.৫৩	১৭.০০	১৬৭৩১	৩৫.২৮
১৫	দিনাজপুর (উঃ)	১৯৫৮	১৪.৫১	২০৯০	২৪.৭৫	৪০৪৮	৩৯.২৬	২.৬৮	০.৯৮	২৫.০৪	২৮.৭০	১.১২	০.৪১	১০.৪৮	১২.০১	৩৯.২৬	১২.০১	৫১.২৭	৩.৪৮	০.৮৩	৫.৭৪	৩৫৪৫	৬.৫৯
১৬	দিনাজপুর (দঃ)	২৪৪৩	১৯.২৮	২০৮৯	৩৪.৯০	৪৫৩২	৫৪.১৮	৩.৬৯	২.৭৫	২১.৫৫	২৭.৯৯	১.৫৪	১.১৫	৯.০২	১১.৭১	৫৪.১৮	১১.৭১	৬৫.৮৯	৩.৪৮	০.৪৪	৪.৬৮	০	০.০০
১৭	ঠাকুরগাঁও	৩৭৬১	১৮.০৭	২৪৪১	১৪.৭০	৬২০২	৩২.৭৭	৩.৪৪	২.৭৩	১৬.১২	২২.২৯	১.৪৪	১.১৪	৬.৭৫	৯.৩৩	৩২.৭৭	৯.৩৩	৪২.১০	০.৭১	০.১০	৩.৪৩	৭৮৫৯	১২.৩৪
১৮	পঞ্চগড়	২৯৬৩	১৫.০৬	২১৩০	১৫.৬৬	৫০৯৩	৩০.৭২	৫.৮৯	৪.৩৭	১৯.৪৮	২৯.৭৪	২.৪৭	১.৮৩	৮.১৫	১২.৪৫	৩০.৭২	১২.৪৫	৪৩.১৭	৩.২৭	০.৩২	৬.৪৫	১৩১৩৬	২৪.২৫
	উপ-সমষ্টি =	**৩৩১৫৭**	**২৫০.৭০**	**৩৫৩৯৪**	**৩৩৯.৫২**	**৬৮৫৫১**	**৫৯০.২২**	**৭৫.৪৫**	**৫২.৩৭**	**৪২০.২২**	**৫৪৮.০৪**	**৩১.৫৯**	**২১.৯২**	**১৭৫.৯০**	**২২৯.৪১**	**৫৯০.২২**	**২২৯.৪১**	**৮১৯.৬৩**	**২৫.০৬**	**৭.৮৬**	**৯৫.০৩**	**১৫৯৪৭৪**	**৩১৬.৫২**
১৯	এলপিও	৬৯	৯.৬৩	৯৮	৭.৬৫	১৬৭	১৭.২৮	০.২৯	২৫.৩০	১৫.০৮	৪০.৬৭	০.১২	১০.৫৯	৬.৩১	১৭.০২	১৭.২৮	১৭.০২	৩৪.৩০	২.৩০	০.০০	৩.৩৩	০.০০	০.০০
২০	ঢাকা শাখা	০	০.০০	০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	সর্বমোট =	**৬৩৩০৪**	**৫২৭.৬১**	**৬৫৫১৫**	**৬৬২.৯৩**	**১২৮৮১৯**	**১১৯০.৫৪**	**১২৩.৬৯**	**১১০.৪৯**	**৭৪৩.৯৮**	**৯৭৮.১৬**	**৫১.৭৮**	**৪৬.২৫**	**৩১১.৪৩**	**৪০৯.৪৬**	**১১৯০.৫৪**	**৪০৯.৪৬**	**১৬০০.০০**	**৮০.০০**	**৩০.৬৯**	**১৬৬.০৭**	**২১৫১৩৯**	**৪০৯.৪৪**

(এ,কে,মোহাম্মদ আলী)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ আসমত আলী মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক

ঋণ আদায় বিভাগ-১

২০১৫-২০১৬ অর্থ বছরের জোন ভিত্তিক ত্রৈমাসিক ঋণ আদায় লক্ষমাত্রা নির্ধারণঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	জোন	জুলাই-সেপ্টেম্বর ২০১৫ ত্রৈমাস				অক্টোবর- ডিসেম্বর ২০১৫ ত্রৈমাস				জানুয়ারী- মার্চ ২০১৬ ত্রৈমাস			এপ্রিল-জুন ২০১৬ ত্রৈমাস		
		WCL-1	WCL-2	CL	মোট	WCL-1	WCL-2	CL	মোট	WCL-2	CL	মোট	WCL-2	CL	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১২	১৩	১৪	১৬	১৭	১৮
১	রাজশাহী	২৫.৭০	৫.৮৪	৩.৫৮	৩৫.১২	৩১.৪১	১১.৬৮	৯.৩১	৫২.৪০	২৪.৭৯	৮.২৪	৩৩.০৩	৩০.৭৩	৮.২০	৩৮.৯৩
২	নওগাঁ	২১.৩৪	৩.৭৬	৩.৯৭	২৯.০৭	২৬.০৮	৭.৫৩	১০.৩৩	৪৩.৯৪	১৫.৯৮	৯.১৩	২৫.১১	১৯.৮০	৯.০৯	২৮.৮৯
৩	নাটোর	৮.৩০	২.১৭	০.৭৮	১১.২৫	১০.১৪	৪.৩৪	২.০৩	১৬.৫১	৯.২০	১.৮০	১১.০০	১১.৪২	১.৭৯	১৩.২১
৪	চাঁপাইনবাবগঞ্জ	৮.২৪	১.৬১	১.৩২	১১.১৭	১০.০৭	৩.২৩	৩.৪৩	১৬.৭৩	৬.৮৫	৩.০৩	৯.৮৮	৮.৫০	৩.০২	১১.৫২
৫	বগুড়া (উঃ)	১০.৫৮	১.৯২	২.৫৪	১৫.০৪	১২.৯৩	৩.৮৪	৬.৬১	২৩.৩৮	৮.১৫	৫.৮৫	১৪.০০	১০.১০	৫.৮২	১৫.৯২
৬	বগুড়া (দঃ)	১১.৯৮	২.৪৭	১.৮১	১৬.২৬	১৪.৬৫	৪.৯৩	৪.৭১	২৪.২৯	১০.৪৭	৪.১৭	১৪.৬৪	১২.৯৮	৪.১৫	১৭.১৩
৭	জয়পুরহাট	১২.৪৭	৩.২৩	১.৭০	১৭.৪০	১৫.২৬	৬.৪১	৪.৪১	২৬.০৮	১৩.৬০	৩.৯০	১৭.৫০	১৬.৮৭	৩.৮৮	২০.৭৬
৮	পাবনা	১২.০৮	২.৩৩	২.৩৯	১৬.৮০	১৪.৭৬	৪.৬৬	৬.২১	২৫.৬৩	৯.৯০	৫.৪৯	১৫.৩৯	১২.২৭	৫.৪৬	১৭.৭৩
৯	সিরাজগঞ্জ	৯.৫৮	১.৯৪	১.৮২	১৩.৩৪	১১.৭১	৩.৮৭	৪.৭২	২০.৩০	৮.২২	৪.১৮	১২.৪০	১০.১৯	৪.১৬	১৪.৩৫
উপ-সমষ্টি =		**১২০.২৭**	**২৫.২৭**	১৯.৯১	**১৬৫.৪৫**	**১৪৭.০১**	**৫০.৪৯**	৫১.৭৬	**২৪৯.২৬**	**১০৭.১৬**	**৪৫.৭৯**	**১৫২.৯৫**	**১৩২.৮৬**	**৪৫.৫৭**	**১৭৮.৪৩**
১০	রংপুর	২২.১৩	৫.৭৮	৪.০৯	৩২.০০	২৭.০৪	১১.৫৬	১০.৬৪	৪৯.২৪	২৪.৫৩	৯.৪১	৩৩.৯৪	৩০.৪১	৯.৩৭	৩৯.৭৮
১১	গাইবান্ধা	১৭.৩৭	৩.৯৭	৪.৯৯	২৬.৩৩	২১.২৪	৭.৯৪	১২.৯৭	৪২.১৫	১৬.৮৫	১১.৪৭	২৮.৩২	২০.৮৯	১১.৪২	৩২.৩১
১২	কুড়িগ্রাম	১৩.৯৩	২.৯৬	৪.৪৩	২১.৩২	১৭.০৩	৫.৯২	১১.৫২	৩৪.৪৭	১২.৫৬	১০.২০	২২.৭৬	১৫.৫৮	১০.১৪	২৫.৭২
১৩	নীলফামারী	১২.৬০	৪.১৬	৫.৬৯	২২.৪৫	১৫.৪০	৮.৩১	১৪.৮০	৩৮.৫১	১৭.৬৫	১৩.০৯	৩০.৭৪	২১.৮৮	১৩.০৩	৩৪.৯১
১৪	লালমনিরহাট	১৬.৬৭	৩.০৮	৩.২৫	২৩.০০	২০.৩৭	৬.১৭	৮.৪৬	৩৫.০০	১৩.০৮	৭.৪৮	২০.৫৬	১৬.২৩	৭.৪৫	২৩.৬৮
১৫	দিনাজপুর (উঃ)	৬.৫৩	১.৯৭	১.৪৭	৯.৯৭	৭.৯৮	৩.৯৬	৩.৮২	১৫.৭৬	৮.৪০	৩.৩৭	১১.৭৭	১০.৪০	৩.৩৬	১৩.৭৬
১৬	দিনাজপুর (দঃ)	৮.৬৮	২.৭৯	১.৪৩	১২.৯০	১০.৬০	৫.৫৮	৩.৭২	১৯.৯০	১১.৮৪	৩.২৯	১৫.১৩	১৪.৬৮	৩.২৭	১৭.৯৫
১৭	ঠাকুরগাঁও	৮.১৩	১.১৮	১.১৪	১০.৪৫	৯.৯৪	২.৩৫	২.৯৬	১৫.২৫	৪.৯৯	২.৬২	৭.৬১	৬.১৯	২.৬১	৮.৮০
১৮	পঞ্চগড়	৬.৭৮	১.২৫	১.৫২	৯.৫৫	৮.২৮	২.৫০	৩.৯৫	১৪.৭৩	৫.৩২	৩.৫০	৮.৮২	৬.৫৯	৩.৪৮	১০.০৭
উপ-সমষ্টি =		**১১২.৮২**	**২৭.১৪**	২৮.০১	**১৬৭.৯৭**	**১৩৭.৮৮**	**৫৪.২৯**	৭২.৮৪	**২৬৫.০১**	**১১৫.২২**	৬৪.৪৩	**১৭৯.৬৫**	**১৪২.৮৫**	৬৪.১৩	২০৬.৯৮
১৯	এলপিও	৪.৩৩	০.৬১	২.০৮	৭.০২	৫.৩০	১.২২	৫.৪০	১১.৯২	২.৬০	৪.৭৮	৭.৩৮	৩.২২	৪.৭৬	৭.৯৮
২০	ঢাকা শাখা	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
সর্বমোট =		**২৩৭.৪২**	**৫৩.০২**	৫০.০০	**৩৪০.৪৪**	**২৯০.১৯**	**১০৬.০০**	**১৩০.০০**	**৫২৬.১৯**	**২২৪.৯৮**	**১১৫.০০**	**৩৩৯.৯৮**	**২৭৮.৯৩**	**১১৪.৪৬**	৩৯৩.৩৯

(এ,কে,মোহাম্মদ আলী)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ আসমত আলী মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক